ঢাকা ওয়াসা

৩৬। নথির পত্রাংশে রক্ষিত নোট ক্রমিক নং ৫০, ৫১ ও ৫২ সদয় দেখার জন্য অনুরোধ করা হলো। ঢাকা ওয়াসা'র অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আরপিএন্ডডি) মহোদয়ের দপ্তর হতে জানানো হয় যে, দাপ্তরিক কাজে ব্যবহৃত পি.এ টেলিফোন সেটটি নষ্ট থাকার কারণে জরুরী যোগাযোগ বিঘ্ন ঘটছে। সুতরাং নষ্ট পুরাতন পিএ টেলিফোন সেটটি পরিবর্তন করে নতুন পিএ টেলিফোন সেট সরবরাহ করা আবশ্যক উল্লেখ করে কমন সার্ভিস বিভাগে নোট প্রেরণ করা হয়েছে (ক্রমিক নং-৫০ সদয় দ্রষ্টব্য)। উল্লেখ্য, উক্ত টেলিফোন সেট কমন সার্ভিস বিভাগের প্রতিনিধি দ্বারা পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে। পরীক্ষা-নিরীক্ষা করে দেখা যা সেটটির মডিউল এবং ভিতরের কিছু যন্ত্রাংশ নষ্ট হয়ে গেছে।

৩৭। সম্প্রতি সহকারী প্রধান (পরিকল্পনা), পরিকল্প, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা ওয়াসা অফিস কক্ষে একটি নতুন টিএন্ডটি/বিটিসিএল এর টেলিফোন সংযোগ বরাদ্দ প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী লাইন টানা হয়েছে। উক্ত কর্মকর্তার ডেস্ক পর্যন্ত টেলিফোন লাইন টানা হলেও লাইনের সাথে টেলিফোন সেট সংযুক্ত করা হয়নি। সুতরাং উক্ত লাইনের জন্য একটি টেলিফোন সেট চেয়ে অত্র বিভাগে নোট প্রেরণ করা হয়েছে (ক্রমিক নং-৫১ সদয় দ্রষ্টব্য)।

৩৮। বাণিজ্যিক ব্যবস্থাপক মহোদয়ের দপ্তরের জন্য ব্যবহৃত পি.এ টেলিফোন সেট দীর্ঘদিন যাবত নষ্ট থাকার কারণে অফিসিয়াল কাজকর্মে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাই পুরাতন পি.এ টেলিফোন সেটটি পরিবর্তন করে নতুন সেট সরবরাহ করার অনুরোধ জানিয়ে কমন সার্ভিস বিভাগে নোট প্রেরণ করা হয়েছে (ক্রমিক নং-৫২ সদয় দ্রষ্টব্য)।

৩৯। উপরোক্ত বর্ণনামতে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আরপিএন্ডডি) এর জন্য ১সেট পিএ টেলিফোন, বাণিজ্যিক ব্যবস্থাপক এর জন্য ১সেট পিএ টেলিফোন এবং সহকারী প্রধান (মূল্যায়ন) এর জন্য একটি সাধারণ টেলিফোন সেট ক্রয় করা প্রয়োজন। টেলিফোন সেট বিক্রয়কারী স্থানীয় তিনটি দোকান থেকে কোটেশন সংগ্রহ করা হয়েছে (নথিতে রক্ষিত)। কোটেশনে বর্ণিত সর্বনিম্ন দর অনুযায়ী প্রতি সেট পিএ টেলিফোনের দাম ১৮৫০০/- টাকা হিসেবে ২সেট পিএ টেলিফোন ক্রয় করতে ১৮৫০০X২=৩৭০০০/- টাকা ব্যয় হবে। এছাড়াও ১টি সাধারণ সেট ক্রয় করতে ৩৪৫০/- টাকা এবং বিআরবি ক্যাবল ইন্ডাস্ট্রিজ এর মূল্য তালিকা অনুযায়ী ৩৫মিটার থ্রি-পেয়ার ক্যাবল ক্রয় করতে (৩৫X৫৫)=১৯২৫/- টাকাসহ সর্বমোট (৩৭০০০+৩৪৫০+১৯২৫) =৪২,৩৭৫/- (বিয়াল্লিশ হাজার তিনশত পঁচাত্তর) টাকা ব্যয় হবে।

৪০। এমতাবস্থায়, উপরে বর্ণিত তিনটি অফিসের জন্য টেলিফোন সেট ও আনুষাঙ্গিক মালামাল ক্রয় বাবদ সর্বমোট ৪২,৩৭৫/- (বিয়াল্লিশ হাজার তিনশত পঁচাত্তর) টাকা উপ-সচিব (কমন সার্ভিস) বিভাগের অনুকূলে অস্থায়ী অগ্রিম পরিশোধের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, এ ব্যয় কমন সার্ভিস বিভাগের "ফার্ণিচার ও অফিস ইকুইপমেন্ট" খাত হতে নির্বাহ করা হবে।

প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

১৮/০৫/২৫

মোঃ শাহ্‌ আলম
যোগাযোগ কর্মকর্তা
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

DS (CS)

মোঃ আলমগীর হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

সচিব
মোঃ মশিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

DMD (HR & Admin)
(প্রতিকল্প কর্মকর্তা)

ড. মুহা. মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি)
ও
(প্রতিকল্প কর্মকর্তা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

মোঃ মশিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

DMD (HR & A)

মোঃ মুস্তাফিজুর রহমান (যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।